

# প্রথম আলো

## পোস্টারে ঢেকেছে আনিসুল হক সড়কের দেয়ালচিত্র



নিজস্ব প্রতিবেদক, ঢাকা



পোস্টারে ঢেকে গেছে দেয়ালচিত্র। গতকাল মেয়র আনিসুল হক সড়কে। ছবি : প্রথম আলো

শেওলা ধরা মলিন দেয়ালে তুলির আঁচড়ে ফুটিয়ে তোলা হয়েছিল আবহমান বাংলার রূপ। সঙ্গে ভাষা আন্দোলন থেকে শুরু করে মুক্তিযুদ্ধের ইতিহাস, নগরজীবন, পরিবেশ ও উন্নয়নভাবনা, প্রাত্যহিক নাগরিক জীবনের বর্ণিল সব অনুষ্ণ এবং ভবিষ্যতের ঢাকার চিত্র। তবে এখন দেয়ালে বর্ণিল সেই চিত্র খুঁজে পাওয়া যাবে না। প্রায় আট হাজার বর্গফুট দেয়াল ছেয়ে গেছে নির্বাচনী পোস্টারে।

এই চিত্র তেজগাঁওয়ে মেয়র মোহাম্মদ আনিসুল হক সড়কের পাশের দেয়ালের। গত ১৭ মার্চ বঙ্গবন্ধুর ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে তেজগাঁও রেলক্রসিং থেকে সাতরাস্তা মোড় পর্যন্ত সড়কের দুই পাশের দেয়ালে এই সৌন্দর্য ফুটিয়ে তুলেছিল ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)।

দেয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন অনুযায়ী নির্ধারিত স্থান ছাড়া পোস্টার লাগানো নিষিদ্ধ।

তেজগাঁও রেলক্রসিং থেকে সাতরাস্তা মোড় পর্যন্ত প্রায় ১০০ ফুট চওড়া সড়কটিতে আগে ট্রাক ও কাভার্ড ভ্যান স্ট্যান্ড ছিল। ২০১৫ সালের নভেম্বরে এই স্ট্যান্ড অপসারণ করেন ডিএনসিসির তৎকালীন মেয়র আনিসুল হক। ২০১৮ সালের ডিসেম্বরে সড়কটির নাম দেওয়া হয় মেয়র আনিসুল হক সড়ক।

আনিসুল হক সড়কসংলগ্ন একটি রঙের দোকানের ব্যবসায়ী মো. হাসান বলেন, সড়কটি ঢাকার অন্যতম সুন্দর সড়কে পরিণত হয়েছিল। দেয়ালচিত্র আলাদা মাত্রা যুক্ত করেছিল। কিন্তু ডিএনসিসির সঠিক তদারকি না থাকায় দেয়ালগুলো নোংরা হয়ে গেছে।

গতকাল শনিবার সরেজমিন দেখা যায়, বাংলাদেশ ট্রাক ও কাভার্ড ভ্যান ড্রাইভার্স ইউনিয়নের ত্রিবার্ষিক নির্বাচনের প্রার্থীদের পোস্টারে ছেয়ে গেছে আনিসুল হক সড়কের পাশের দেয়াল। এর মধ্যে রেলক্রসিং থেকে

# প্রথম আলো

(ডিএনসিসি) ৫১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর কাজী হাবিবুর রহমান। দেয়ালে তাঁর কিছু পোস্টারও দেখা গেছে। এ প্রসঙ্গে জানতে চাইলে এই প্রার্থীর দাবি, তাঁর নির্বাচনী পোস্টার ওই দেয়ালে নেই।

জানতে চাইলে ডিএনসিসির ২৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর মো. শফিউল্লা প্রথম আলোকে বলেন, বিষয়টি ডিএনসিসি মেয়র আতিকুল ইসলামকে জানানো হবে। নতুন করে দেয়ালচিত্র আঁকতে অনুরোধ করা হবে।

 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২১ প্রথম আলো